

REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date: 01-04-2026
Time: 07:35-07:40 AM Hrs
BENGALI MORNING BULLETIN

Bye-Election :

ধর্মনগর বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনে বাড়ি বাড়ি ভোট গ্রহণ প্রক্রিয়া গতকাল থেকে শুরু হয়েছে। ধর্মনগরের মহকুমা ম্যাজিস্ট্রেট তথা রিটার্নিং অফিসার দেবযানী চৌধুরী জানিয়েছেন, ৮৫ উর্ধ্ব প্রবীণ নাগরিক ও বিশেষভাবে সক্ষম ভোটারদের জন্য বাড়ি বাড়ি গিয়ে ভোটকর্মীরা গতকাল থেকে ভোট গ্রহণ শুরু করেছেন। তা চলবে আগামীকাল পর্যন্ত।

তিনি আরো জানান, ধর্মনগর বিধানসভা কেন্দ্রে ৮৫ উর্ধ্ব প্রবীণ ভোটার রয়েছেন ১১৬ জন এবং বিশেষভাবে সক্ষম ভোটার রয়েছেন ৬৯ জন। কড়া নিরাপত্তার মধ্য দিয়ে ভোটকর্মীরা গতকাল ভোট গ্রহণ করেছেন। ভোট গ্রহণের সময় ভোটকর্মীদের প্রত্যেকটি দলের সঙ্গে বিভিন্ন রাজনৈতিক দলের ১ জন করে প্রতিনিধি উপস্থিত ছিলেন। ভোট কর্মীদের মোট ৮টি দল আগামী দু'দিনও ধর্মনগর বিধানসভা কেন্দ্রে ৮৫ উর্ধ্ব প্রবীণ এবং বিশেষভাবে সক্ষম ভোটারদের বাড়ি বাড়ি গিয়ে ভোট সংগ্রহ করবেন। আগামী তেসরা এবং চৌঠা এপ্রিল নির্বাচনের কাজে নিযুক্ত কর্মীদের ধর্মনগরের বীর বিক্রম ইনস্টিটিউশনে পোস্টাল ব্যালটে ভোট গ্রহণ করা হবে। এদিকে, গতকাল উত্তর জেলার জেলাশাসক চাঁদনী চন্দ্রন, পুলিশ সুপার অবিনাশ রাই, রিটার্নিং অফিসার দেবযানী চৌধুরী, মহকুমা পুলিশ আধিকারিক জয়ন্ত কর্মকারের নেতৃত্বে কেন্দ্রীয়

বাহিনী, টি.এস.আর জওয়ানরা ও রাজ্য পুলিশ ধর্মনগর বিধানসভা কেন্দ্রের বিভিন্ন এলাকায় রোড মার্চ করে।

ADC Election Candidate fray :

আসন্ন এডিসি নির্বাচনে পোস্টাল ব্যালটে ভোট গ্রহণ করা হবে এই মাসের ৭ ও ৮ তারিখ। উল্লেখ্য, রাজ্য নির্বাচন কমিশনের নির্ঘন্ট অনুযায়ী এডিসি'র ২৮টি আসনের ভোট গ্রহণ এ মাসের ১২ তারিখ হবে। এই নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতায় রয়েছে মোট ১৭৩ জন প্রার্থী। এরমধ্যে মহিলা প্রার্থী ৮ জন।

ADC-Campaign :

এডিসি নির্বাচন ঘিরে রাজ্যের বিভিন্ন এলাকায় রাজনৈতিক দলগুলির প্রচার চলছে। গতকাল তেলিয়ামুড়া কৃষ্ণপুর বিধানসভা কেন্দ্রের মুন্সিয়াকামী বাজারে বিজেপির রামকৃষ্ণপুর শক্তি কেন্দ্রের কার্যালয়ে এক প্রচার সভায় উপস্থিত ছিলেন বিজেপি মনোনীত প্রার্থী বিল্লু জমাতিয়া। তেলিয়ামুড়া মহারানীপুর কেন্দ্রের সিপিআইএম প্রার্থীর সমর্থনে মুন্সিয়াকামী বাজার এলাকায় অনুষ্ঠিত সভায় উপস্থিত ছিলেন সিপিআইএম রাজ্য সম্পাদক জিতেন্দ্র চৌধুরী, মহারানীপুর কেন্দ্রের সিপিআইএম প্রার্থী রতন কিশোর জমাতিয়া। জম্পুইজলা টাকারজলা কেন্দ্রের তিপ্রা মথা প্রার্থী সুরজ দেববর্মা জম্পুইজলা এলাকায় নির্বাচনী সভায় অংশ নেন। ধলাই জেলার ময়নামা মুসলিম পাড়ায় তিপ্রা মথার উদ্যোগে অনুষ্ঠিত সভায় উপস্থিত ছিলেন মনু-ছেলেংটা কেন্দ্রের তিপ্রা মথা মনোনীত প্রার্থী হলিউড চাকমা।

Finance Commission :

পঞ্চদশ অর্থ কমিশনের অনুদান হিসাবে ত্রিপুরা চলতি অর্থ বছরে ৬৮ লক্ষ টাকা পেয়েছে। কেন্দ্রীয় সরকার এই খাতে আটটি রাজ্যকে পঞ্চদশ অর্থ কমিশনের অনুদান হিসাবে ২,৪৬১ কোটি টাকারও বেশি মঞ্জুর করেছে। গ্রামীণ স্থানীয় প্রশাসনকে আরও শক্তিশালী করার লক্ষ্যে এই মঞ্জুরী।

Award-Panchayet :

রাজ্যের তিনটি পঞ্চায়েত দীনদয়াল উপাধ্যায় এবং নানাজি দেশমুখ সতত বিকাশ পুরস্কারের বিভিন্ন ক্যাটাগরিতে পুরস্কার লাভ করেছে। মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা এই খবর জানিয়েছেন। সিপাহীজলা জেলা সেরা জেলা পঞ্চায়েত ক্যাটাগরিতে প্রথম হয়েছে। ঊনকোটি জেলার কাঞ্চনবাড়ি গ্রাম পঞ্চায়েত স্বাস্থ্যকর পঞ্চায়েত ক্যাটাগরিতে প্রথম এবং পশ্চিম জেলার বৈকুণ্ঠপুর গ্রাম পঞ্চায়েত মহিলা বান্ধব পঞ্চায়েত ক্যাটাগরিতে তৃতীয় হয়েছে। মুখ্যমন্ত্রী জানান, এই পঞ্চায়েতগুলিকে পুরস্কার বাবদ ৫ কোটি টাকা, ১ কোটি এবং ৫০ লক্ষ টাকা প্রদান করা হবে।

Appointment :

কেন্দ্রীয় সরকার গতকাল বিভিন্ন মন্ত্রক ও দপ্তরে নতুন সচিব নিয়োগ করেছে। বিহার ক্যাডারের ১৯৯২ ব্যাচের আই.এ.এস অফিসার চঞ্চল কুমারকে তথ্য ও সম্প্রচার মন্ত্রকের সচিব হিসাবে নিযুক্ত করা হয়েছে। এই মন্ত্রকের বর্তমান সচিব, সঞ্জয় জাজু, উত্তর-পূর্বাঞ্চল উন্নয়ন মন্ত্রকের সচিব হিসাবে নিযুক্ত হয়েছেন। ভুবনেশ কুমারকে পর্যটন সচিব এবং শ্রীবৎস কৃষ্ণকে সংখ্যালঘু বিষয়ক সচিব নিযুক্ত করা হয়েছে। রোহিত কানসালকে গ্রামীণ উন্নয়ন দফতরের সচিব হিসেবে নিয়োগ করা হয়েছে।

Weather :

রাজ্যের সবকটি জেলাতে বজ্র বিদ্যুত সহ ঘন্টায় ৩০ থেকে ৪০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়ার সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। পূর্বাভাসে জানানো হয়েছে আকাশ সাধারণত মেঘলা থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩২ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২০.৬ ডিগ্রি সেলসিয়াস। আজ ভোর পর্যন্ত বৃষ্টিপাতের পরিমাণ ছিল ১৭ মিলিমিটার।
